



প্রতিটি প্রকাশন মৌসুমের অন্তিম দিন

চুয়েটে স্নাতক ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ

প্রকাশ : ২৬ সেপ্টেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

ভর্তি পরীক্ষা ১২ অক্টোবর

চট্টগ্রাম অফিস

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর ২০১৯-২০ শিক্ষাবর্ষের লেভেল-১ স্নাতক (সম্মান) কোর্সের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে। এতে গ্রুপ-ক/KA (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) এর জন্য মোট ১০ হাজার ৩১ জন এবং গ্রুপ-খ/KHA (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) এর জন্য ৯৪১ জন যোগ্য প্রার্থীর নামের তালিকা প্রকাশ করা হয়। গতকাল বুধবার ভর্তি কমিটির সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে এসব তথ্য জানানো হয়। উল্লেখ্য, আগামী ১২ অক্টোবর (শনিবার) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন ক-বিভাগের সকাল ১০টা থেকে বেলা ১টা এবং খ-বিভাগের মুক্তহস্ত অংকন একইদিন বেলা আড়াইটা ঘটিকা থেকে সাড়ে চারটা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

এবার সর্বমোট ৮৯০টি আসনে ১২টি বিভাগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

